BGAPMEA

BANGLADESH GARMENTS ACCESSORIES & PACKAGING MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION [BGAPMEA]

বাংলাদেশ গার্মেন্টস্ এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)

নং-বিজিএপিএমইএ/গ্রুপ টার্ম ইন্স্যুরেন্স-২০২২-২৩/২০২২/১৫৯ (পার্ট-১৭)/ ১৯২ তারিখঃ ২৮-০৫-২০২২ইং

প্রাপক,
বিজিএপিএমইএ-র সকল সম্মানিত সদস্যবৃন্দ।

বিষয়ঃ বিজিএপিএমইএ এর সদস্যভূক্ত প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক/কর্মচারীদের কল্যাণার্থে অক্টোবর/২০২২ থেকে সেপ্টেম্বর/ ২০২৩ মেয়াদে গ্রুপবীমা প্রসঙ্গে।

সূত্র ঃ বিজিএপিএমইএ এবং ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এর মধ্যকার Group Term (GT) Life Insurance Contract No. 1023/2010 dt. 29-09-2010 (Endorsement No. 001 dt. 10-10-2012, 002 dt. 26-09-2013 & 003 dt. 04-10-2016)

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ)** বিগত অক্টোবর/২০১০ থেকে ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর মাধ্যমে সদস্যভূক্ত প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক/কর্মচারীদের কল্যাণার্থে গ্রুপবীমা প্রবর্তন করেছে। গ্রুপবীমার চুক্তি মোতাবেক অত্র এসোসিয়েশনের সদস্যভূক্ত প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/পরিচালক/অংশীদার এর জন্য সর্বোচ্চ মৃত্যুদাবী জনপ্রতি ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারীদের জন্য জনপ্রতি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন-২০১৮ মোতাবেক স্থায়ী সম্পূর্ণ অক্ষমতার কারণে ক্ষতিপূরণের পরিমান ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। সহযোগী বীমার সুবিধাসমূহ {**Permanent and Total Disability (PTD) & Permanent and Partial Disability (PPD)**} 'সংলগ্নী-১' দ্রষ্টব্য। **উল্লেখ্য, দুর্ঘটনার কারনে যে কোন অঙ্গহানী ব্যতীত সামান্য কাঁটা-ছেড়া/ভেঙ্গে/মচকে গেলে (প্রাথমিক চিকিৎসায় ভাল হয়ে যাবে এ ধরনের ক্ষেত্রে) ক্লেইম প্রযোজ্য হবে না।**

০২। এ চুক্তি মোতাবেক বাৎসরিক প্রিমিয়াম সহযোগী বীমার সুবিধাসহ {স্থায়ী সম্পূর্ন অক্ষমতা বা অঙ্গহানি বীমা (PTD) এবং দূর্ঘটনাজনিত কারনে স্থায়ী আংশিক অক্ষমতা বা অঙ্গহানি বীমা (PPD)} **প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/পরিচালক/অংশীদার এর জন্য জনপ্রতি বার্ষিক প্রিমিয়াম মাত্র ১,০০০/- (১৮-৬০ বছরের বয়স সীমার জন্য প্রযোজ্য)।** তবে এক্ষেত্রে ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কোঃ এর পত্র নং-ডিএলআই/এইচও/গ্রুপ ইন্স্যুরেন্স/২০১৩-১০০৮ তাং-২৯-০৫-২০১৩ মোতাবেক মালিকদের বয়সসীমা ৬০-৬৫ বছরের জন্য প্রতি হাজারে নিম্নবর্ণিত প্রিমিয়ামের হার অনুসরণ করতে হবেঃ

বীমাকারীর বয়স	প্রিমিয়ামের হার বার্ষিক	বীমাকারীর বয়স	প্রিমিয়ামের হার বার্ষিক
৬০ বছর +	টাঃ ৭,২০০/-	৬১ বছর +	টাঃ ৮,১০০/-
৬২ বছর +	টাঃ ৯,২৫০/-	৬৩ বছর +	টাঃ ১০,৭৫০/-
৬৪ বছর +	টাঃ ১২,৫৫০/-	৬৫ বছর +	টাঃ ১৪,৬০০/-

অপরদিকে, **শ্রমিক/কর্মচারীদের জন্য জনপ্রতি বার্ষিক প্রিমিয়াম হবে মাত্র ৪১৫/- টাকা (বয়সসীমা ১৮-৬০ বছরের জন্য প্রযোজ্য)।**

অপর পাতা দ্রষ্টব্য

Sonartori Tower (9th Floor), 12, Sonargaon Link Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh
Tel: 9652717, 9652700, Fax: 880-2-9652718, E-mail: bgapmea@gmail.com, Website: www.bgapmea.org
Regional Office: Akhtaruzzaman Centre (9th Fl), 21/22, Agrabad C/A, Chattogram. Phone & Fax: 88-031-717903, E-mail: bgapmeactg@gmail.com

APF THE ASIAN PACKAGING FEDERATION

World Packaging Organisation

০৩। গ্রুপ বীমায় আগ্রহী বিজিএপিএমইএ এর সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহকে স্ব স্ব প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক/কর্মচারীদের সংখ্যা অনুযায়ী নির্ধারিত পরিমান টাকা এবং মালিক ও শ্রমিক/কর্মচারীদের নামের তালিকা বিজিএপিএমইএ'র সাথে চুক্তিবদ্ধ **ডেল্টা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী**-তে প্রেরন না করা পর্যন্ত আপনার প্রতিষ্ঠানটি গ্রুপ বীমার আওতায় আসবে না। সেক্ষেত্রে আপনার প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক/কর্মচারীদের মৃত্যু কিংবা পঙ্গুত্ববরণ করলে গ্রুপ বীমার প্রাপ্য আর্থিক সুবিধা হতে বঞ্চিত হবে।

০৪। উল্লেখ্য, বীমাকারীর বয়সসীমা সাধারণভাবে ১৮-৬০ বছর এবং বিশেষ ক্ষেত্রে প্রতিষ্ঠানের মালিকদের ৬০-৬৫ বছর। সুতরাং বীমাকারীর বয়স উক্ত মেয়াদের কম/বেশী হলে তারা বীমার আওতায় আসবে না। **মালিক ও শ্রমিক/কর্মচারীদের নামের তালিকা নিম্নলিখিত ছকে ইংরেজীতে প্রস্তুত করতে হবে**। উল্লেখ্য, নামের তালিকা ইন্সুরেন্স কোম্পানীর ডাটাবেজে সমন্বয়ের জন্য এ সংক্রান্ত সফট্ কপি (এক্সেল অথবা ওয়ার্ড ফরমেটে) সিডি-তে অথবা ই-মেইলে এসোসিয়েশনে সরবরাহ করতে হবে ঃ

Sl. No.	Name	Father's Name	ID/Job Card No./Designation	Date of Birth	Date of Joining
1	2	3	4	5	6

০৫। উল্লেখ্য যে, তালিকায় ক্রমিক নম্বর ক্রমাগতভাবে থাকতে হবে। প্রত্যেক পৃষ্ঠা নম্বর, কর্তৃপক্ষের স্বাক্ষর, সিল তারিখ থাকতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে এ মর্মে প্রত্যয়ন দিতে হবে যে, "*তালিকাভুক্ত সকল মালিক ও শ্রমিক/কর্মচারী সুস্বাস্থের অধিকারী এবং সকলেই স্ব-শরীরে কর্মস্থলে উপস্থিত আছেন*"। গ্রুপবীমা করার জন্য **'বিজিএপিএমইএ'** এর বরাবরে পে-অর্ডারসহ মালিক ও শ্রমিক/কর্মচারীদের মূল তালিকা যেদিন বিজিএপিএমইএ-তে দাখিল করা হবে সেই তারিখে আপনার ফ্যাক্টরীতে উপস্থিত সকল মালিক ও শ্রমিক/কর্মচারীদের নাম সে তালিকায় অবশ্যই উল্লেখ থাকতে হবে। **তালিকাভুক্ত কোন শ্রমিক/কর্মচারী যদি চাকুরী ছেড়ে চলে যান অথবা নতুনভাবে নিযুক্ত হন শুধু তাদের নামের তালিকা (অতিরিক্ত লোক নিয়োগের ক্ষেত্রে নির্ধারিত প্রিমিয়ামসহ) প্রতি দুই মাস অন্তর অন্তর বিজিএপিএমইএ-কে প্রদান করতে হবে**। মূল তালিকায় কোন সংশোধিত কপি পরবর্তীতে গ্রহনযোগ্য হবে না। তাই মূল তালিকা প্রস্তুতের সময় খেয়াল রাখতে হবে, যাতে কোন মালিক ও শ্রমিক/কর্মচারীদের নাম বাদ না পড়ে। **উল্লেখ্য, গ্রুপ বীমার মেয়াদ অক্টোবর হতে পরবর্তী বছরের সেপ্টেম্বর বিধায় মেয়াদ শুরুর প্রথমেই বীমা করা লাভজনক। কেননা, মেয়াদের শেষ মাসেও অর্থাৎ সেপ্টেম্বরের প্রথমে বীমা শুরু করলে তার মেয়াদ ৩০ সেপ্টেম্বরে শেষ হয়ে যাবে**। মেয়াদ শেষ হবার পূর্বেই বর্ণিত প্রতিষ্ঠানের গ্রুপ ইন্স্যুরেন্সটি পরবর্তী বছরের জন্য একই নিয়মে নবায়ন করে নিতে হবে।

০৬। কোন প্রতিষ্ঠান তাঁর প্রতিষ্ঠানের ১৮-৬০ বছর বয়সী মালিক, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের বিজিএপিএমইএ এর গ্রুপ বীমার আওতায় অন্তর্ভূক্ত করতে চাইলে অগ্রীম হিসেবে এসোসিয়েশনে প্রিমিয়াম জমা দিয়ে পরবর্তীতে প্রতিষ্ঠানের মালিক ও কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের সম্মানী বা বেতন থেকে প্রতি মাসে যথাক্রমে জনপ্রতি (১০০০÷১২) = ৮৩.৩৩/- টাকা এবং (৪১৫÷১২) = ৩৪.৫৮/- টাকা সমন্বয় করে পরবর্তী ১২ মাসে গ্রুপ ইন্স্যুরেন্সটি পরিচালনা করতে পারেন।

০৭। বিজিএপিএমইএ এর গ্রুপ ইন্স্যুরেন্সের বিপরীতে কোন প্রতিষ্ঠান ক্লেইম আবেদন পাওয়া গেলে বিজিএপিএমইএ কর্তৃক পরবর্তী ২/৩ মাসের মধ্যে ইন্স্যুরেন্স কোম্পানী কর্তৃক যথাযথ যাচাই সাপেক্ষে গ্রুপ বীমার দাবী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরিশোধ করা হয়। এক্ষেত্রে প্রতিষ্ঠানের পক্ষ থেকে কোন তদবিরের প্রয়োজন পড়ে না। অন্যান্য গ্রুপ ইন্সুরেন্স কোম্পানীতে বাৎসরিক ২০টি ক্লেইম পরিশোধের বিষয় নির্ধারিত থাকলেও বিজিএপিএমইএ এর গ্রুপ ইন্স্যুরেন্সের ক্ষেত্রে তা সীমাহীন (unlimited)।

অপর পাতা দ্রষ্টব্য

০৮। এমতাবস্থায়, **০১ অক্টোবর, ২০২২ইং হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৩ইং মেয়াদে (মেয়াদ শেষে নবায়নযোগ্য)** আপনার প্রতিষ্ঠানের গ্রুপ বীমার প্রিমিয়াম বাবদ নির্ধারিত পরিমান টাকার পে-অর্ডার এবং উল্লেখিত ছক অনুযায়ী মালিক ও শ্রমিক/কর্মচারীদের দুই সেট (এক সেট এসোসিয়েশনের অফিস কপির জন্য অপর সেট ইন্স্যুরেন্স অফিসের জন্য) নামের তালিকা এবং এ সংক্রান্ত সফট্ কপিসহ জরুরী ভিত্তিতে অত্র এসোসিয়েশনে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

আসুন বিজিএপিএমইএ এর গ্রুপ বীমায় নিজে এবং প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের অন্তর্ভূক্তি নিশ্চিত করি। সকলের দুঃসময়ে পরিবারের আর্থিক নিরাপত্তাসহ বিজিএপিএমইএ এর কর্মকান্ড ও অগ্রগতিতে সহায়ক ভূমিকা পালন করি। প্রতিযোগিতামূলক বিশ্বের সাথে তাল মিলিয়ে ব্যবসাকে টিকিয়ে রাখতে প্রতিষ্ঠানকে কমপ্লায়েন্ট হিসেবে গড়ে তুলি।

বিজিএপিএমইএ এর গ্রুপ বীমার আওতায় তালিকভূক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহের তালিকা **'সংলগ্নী-২'** এ প্রদত্ত হলো।

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত,

(জহির উদ্দিন আলমগীর) 26/09/2022
সহ-সভাপতি
ও চেয়ারম্যান, ব্যাংক, বীমা ও রুগ্ন শিল্প সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি, বিজিএপিএমইএ।

সংযুক্তি ঃ

০১। সহযোগী বীমার সুবিধাসমূহ (সংলগ্নী-১)।
০২। বিজিএপিএমইএ এর গ্রুপ বীমার আওতায় তালিকভূক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহের তালিকা (সংলগ্নী-২)।

অনুলিপি (সদয় অবগতির জন্য) ঃ

০১। পরিচালনা পরিষদের সম্মানীত সকল সদস্যবৃন্দ।
০২। বিজিএপিএমইএ, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, ইয়াহিয়া টাওয়ার (৬ষ্ঠ তলা), ৩৩৫ সিডিএ এভিনিউ, এম. এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম-৪০০০।

BGAPMEA DHAKA Regd No C.T.O. 2090 (02)91

সংলগ্নী - ১

Supplementary Coverage (সহযোগী বীমা)

১) **স্থায়ী সম্পূর্ন অক্ষমতা বা অঙ্গহানি বীমা (PTD)ঃ-** যদি কোন বাহ্যিক দূর্ঘটনাজনিত কারণে কোন বীমাকৃত সদস্য শারিরীকভাবে আঘাতপ্রাপ্ত হওয়ার ফলে স্থায়ীভাবে সম্পূর্ন পঙ্গু বা অক্ষম হয়ে পড়েন, যার ফলশ্রুতিতে উক্ত বীমাকৃত সদস্য অর্থ উপার্জন অথবা আয়ের অন্য যে কোন প্রকার ব্যবসা, পেশা অথবা কাজ করতে একেবারে অক্ষম হন এবং সে অক্ষমতা অবিচ্ছিন্নভাবে এবং ধারাবাহিকভাবে ছয় মাস যাবৎ চলছে এবং কোম্পানী নিযুক্ত ডাক্তার কর্তৃক তার এ স্থায়ী অক্ষমতা নিরাময়ে অযোগ্য বলে প্রত্যায়িত হয়, তাহলে অত্র চুক্তিনামার শর্তানুযায়ী কোম্পানি নিয়োগকর্তাকে বীমা অংকের তফসিলে উল্লেখিত বীমা অংকের টাকা প্রদান করবেন এবং তখনই সাথে সাথে উক্ত বীমাকৃত সদস্য বীমার (অথবা বীমা ঝুঁকির) পরিসমাপ্তি ঘটবে। কোম্পানী নিম্নে বর্ণিত অক্ষমতা বা পঙ্গুত্বগুলোকে স্থায়ী এবং সম্পূর্ন পঙ্গুত্ব বা অক্ষমতা হিসেবে বিবেচনা করবে ঃ-

ক) উভয় চোখের দৃষ্টি সম্পূর্নরূপে এবং চিরতরে নষ্ট হওয়া।
খ) কব্জির উপরে উভয় হাত বা বাহু সম্পূর্নরূপে এবং চিরতরে খোয়া বা কাটা যাওয়া।
গ) হাঁটুর উপর থেকে উভয় পা সম্পূর্নরূপে চিরতরে খোয়া বা কাটা যাওয়া।
ঘ) একটি চোখ সম্পূর্ণভাবে এবং চিরতরে নষ্ট হলে এবং সে সাথে একটি পা হাটুর উপর থেকে সম্পূর্নভাবে চিরতরে খোয়া বা কাটা যাওয়া।
ঙ) একটি চোখ সম্পূর্ণভাবে এবং চিরতরে নষ্ট হলে এবং সেই সাথে কব্জির উপর থেকে একটি হাত বা বাহু এবং চিরতরে কাটা যাওয়া।
চ) কব্জির উপরে একটি হাত বা বাহু সম্পূর্ণরূপে বা চিরতরে খোয়া বা কাটা গেলে এবং সেই সাথে হাটুর উপর থেকে একটি পা সম্পুর্নরূপে এবং চিরতরে খোয়া বা কাটা গেলে।

বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন-২০১৮ মোতাবেক উপরোক্ত কারনে বীমাকারীর বীমার ধরণ অনুযায়ী ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) থেকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রদান করা হবে।

২) **দুর্ঘটনাজনিত কারনে স্থায়ী আংশিক অক্ষমতা বা অঙ্গহানি বীমা (PPD)ঃ-** এ সহযোগী চুক্তি চালু থাকাকালীন সময়ে যদি বীমাকৃত অন্য কোন কারন ব্যতীত কেবলমাত্র বাহ্যিক দূর্ঘটনাজনিত বিপর্যয়ের প্রত্যক্ষ কারনে স্থায়ী আংশিক অঙ্গহানির জন্য বীমা অংকের অংশ বিশেষ ক্ষতিপূরণ নিম্নলিখিত তফসিল অনুযায়ী দেয়া হবে, তবে একটি দূর্ঘটনা হতে উদ্ভূত আঘাতের কারনে ক্ষতিপূরণ বাবদ তফসিলে বর্ণিত ক্ষতিপূরনের কেবলমাত্র একটি, অর্থাৎ ক্ষতিপূরনের বৃহত্তর অংকটি দেয়া হবে ঃ

ক্ষতিপূরনের তফসিল

মস্তক	বীমা অংকের অংশ
ক) একটি চোখ সম্পূর্নরূপে বিনষ্ট হলে	৫০%
খ) উভয় কর্নের সম্পূর্ন বধিরতা	৪০%
গ) একটি কর্নের সম্পূর্ন বধিরতা	১০%
ঘ) নীচের পাটির দাঁত সম্পূর্নরূপে উপড়ে গেলে	২৫%
উর্ধাঙ্গসমুহ	
ঙ) একটি হাত কব্জির উপর থেকে কাটা গেলে বা বাহু সম্পূর্নরূপে খোয়া গেলে	৫০%
চ) হাতের হাড় জাতীয় পদার্থের অপূরণীয় ক্ষতি সাধিত হলে	২৫%
ছ) বৃদ্ধাঙ্গুল সম্পূর্ন কাটা গেলে	২০%
জ) বৃদ্ধাঙ্গুলসহ চারটি আঙ্গুল পুরো কাটা গেলে	২৫%
ঝ) কেবলমাত্র তর্জনী সম্পূর্ন কাটা গেলে	১৫%
ঞ) কেবলমাত্র মধ্যমা আঙ্গুল সম্পূর্ন কাটা গেলে	১০%
ট) কেবলমাত্র অনামিকা আঙ্গুল সম্পূর্ন কাটা গেলে	৮%
ঠ) কেবলমাত্র কনিষ্ঠ আঙ্গুল সম্পূর্ন কাটা গেলে	৭%
নিম্নাঙ্গসমুহ	
ড) একটি পা গোড়ালির অস্থি সন্ধির উপরে কাটা বা খোয়া গেলে	৫০%
ঢ) হাঁটুর নিম্নে কোন নিম্নাঙ্গ খোয়া বা নিম্নাঙ্গের ব্যবহার সম্পূর্নরূপে অযোগ্য হলে	৪০%
ণ) পায়ের পাতা সম্পূর্নরূপে কাটা বা খোয়া গেলে	৩০%
ত) কোমরের হাড়ে পূর্ন জড়তা	৩০%
থ) হাঁঠুর সন্ধি স্থলে পূর্ন জড়তা	২০%
দ) পায়ের সব কয়টি আঙ্গুল কাটা গেলে	২৫%
ধ) পায়ের জ্যেষ্ঠ আঙ্গুলসহ চারটি আঙ্গুল সম্পূর্ন কাটা গেলে	২০%
ন) পায়ের জ্যেষ্ঠ আঙ্গুল সম্পূর্ন কাটা গেলে	১০%
প) জ্যেষ্ঠ ভিন্ন পায়ের অন্য কোন আঙ্গুল সম্পূর্ন কাটা গেলে	৩%

BGAPMEA DHAKA Regd. No C.T.O.

সংলগ্নী - ২

বিজিএপিএমইএ এর গ্রুপ বীমার আওতায় তালিকভূক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহের তালিকা
(ইংরেজী বর্ণের ক্রমানুসারে)

Sl.	Name of Company & Membership No.	Sl.	Name of Company & Membership No.
1.	**Active (BD) Ltd., Gazipur** Membership No. 1523	2.	**Adzi Trims Ltd., Dhaka** Membership No. 1462
3.	**AKH Packaging & Accessories Ltd., Dhaka** Membership No. 528	4.	**AKH Trims Ltd., Dhaka** Membership No. 901
5.	**Al-Muslim Accessories Ltd., Dhaka** Membership No. 708	6.	**Al-Muslim Garments Accessories Ltd., Dhaka** Membership No. 1196
7.	**Apex Accessories Ltd., Gazipur **** Membership No. 498	8.	**Asian Printing & Packaging Ltd., Bagerhat** Membership No. 1809
9.	**A-Tex Label (BD) Ltd., Dhaka** Membership No. 1718	10.	**Chittagong Padding Mills Ltd., Ctg.** Membership No. 446
11.	**Concorde Knitting & Dyeing Ind. Ltd., Gazipur** Membership No. 1714	12.	**Confidence Accessories (Pvt) Ltd., Narayanganj** Membership No. 1389
13.	**Creative Packaging Industry, Gazipur** Membership No. 1168	14.	**Creative Tape Industries Ltd., Dhaka** Membership No. 963
15.	**Debonair Padding & Quilting Solution Ltd., Mymensingh** Membership No. 1433	16.	**Disari Poly Print & Packaging Industries Ltd., Gazipur** Membership No. 826
17.	**Divine Packaging Ltd., Jessore** Membership No. 1149	18.	**DZN Labels Ltd., Gazipur** Membership No. 1329
19.	**EMS Apparels Ltd., Gazipur** Membership No. 1392	20.	**Epyllion Limited, Narayanganj** Membership No. 353
21.	**Etafil (Bangladesh) Ltd., Gazipur **** Membership No. 1166	22.	**Faiza Button And Zipper Ltd.** Membership No. 229
23.	**G Six Packaging & Accessories Ltd., Dhaka** Membership No. 797	24.	**Global Accessories Ltd., Ctg.** Membership No. 1088
25.	**GMS Trims Ltd., Gazipur** Membership No. 1106	26.	**Good & Fast Packaging Co. Ltd., Gazipur** Membership No. 1528
27.	**Grace Accessories Ltd., Ctg.** Membership No. 1033	28.	**Hamza Trims Ltd., Dhaka** Membership No. 1286
29.	**Intimate Printing & Packaging Ltd.** Membership No. 352	30.	**Khan Accessories & Packaging Co. Ltd. (KAPCO), Gazipur** Membership No. 10
31.	**Liberty Fashion Yarn Dyeing & Packaging **** Membership No. 757	32.	**Linda Elastics Ltd., Dhaka** Membership No. 1468
33.	**Loparex Coatings Industry, Dhaka** Membership No. 1363	34.	**Majumder Packages Ltd., Narayanganj** Membership No. 22
35.	**Maxim Label and Packaging (BD) Pvt. Ltd., Dhaka** Membership No. 1030	36.	**Micro Trims Limited., Narayanganj** Membership No. 1343
37.	**MNC Packages Ltd., Ctg.** Membership No. 148	38.	**Modern Needlecraft Ltd., Gazipur** Membership No. 1365
39.	**Murano Tex, Mymensingh** Membership No. 1011	40.	**Newage Accessories Ltd., Tangail **** Membership No. 639
41.	**Nilorn Bangladesh Ltd., Manikgonj** Membership No. 1536	42.	**Nixon Box Industries Ltd., Gazipur** Membership No. 1367
43.	**Oyshi Packages Ltd., Gazipur** Membership No. 673	44.	**Packman BD. Ltd., Dhaka** Membership No. 219
45.	**Papyrus FastQ (BD) Ltd., Dhaka** Membership No. 1138	46.	**Parkway Packaging & Printing Ltd., Gazipur** Membership No. 820
47.	**Poly Corr Packaging, Gazipur** Membership No. 1072	48.	**Printo Pack Ltd.** Membership No. 77

BGAPMEA DHAKA

49.	**Racy Fashion & Packaging Ind. Ltd., Gazipur** Membership No. 1791	50.	**Rehash Accessories & Sourcing Ltd., Gazipur** (Former Sharif Enterprise) Membership No. 1170
51.	**Reliance Trim Park Ltd., Dhaka** Membership No. 1458	52.	**Retail Technologies Ltd., Gazipur** Membership No. 1190
53.	**Rising Fashion Accessories Ltd., Manikgonj** Membership No. 1066	54.	**Rupam Packages & Printing (Pvt) Ltd., Gazipur** Membership No. 337
55.	**S. D. Packaging & Accessories Ltd., Gazipur** Membership No. 165	56.	**Sakib Poly Industries Ltd., Dhaka** Membership No. 520
57.	**Sans Packaging & Accessories Industries Ltd., Gazipur** Membership No. 606	58.	**Shaan Packaging Ind. (Pvt.) Ltd., Dhaka** Membership No. 614
59.	**Shahdowlla Business, Dhaka** Membership No. 953	60.	**Shine Embroidery Ltd.** Membership No. 1330
61.	**Shuangwei Clothing Accessories Ltd.** Membership No. 1739	62.	**Standard Fashions Ltd. (Accessories Unit), Dhaka** ** Membership No. 874
63.	**Standard Group Ltd. (Unit-2), Gazipur** ** Membership No. 1355	64.	**Supreme Embellishment Ltd., Gazipur** Membership No. 1437
65.	**Swiss Tex Ltd.** ** Membership No. 305	66.	**Tag N Pac, Dhaka** Membership No. 1543
67.	**The Adorn Industries Ltd., Dhaka** Membership No. 1360	68.	**The Civil Engineers Ltd. (Packaging Unit), Gazipur** Membership No. 938
69.	**The Delta Accessories Ltd., Gazipur** ** Membership No. 759	70.	**Thread & Thread Inds. Ltd., Gazipur** Membership No. 321
71.	**Twice Poly Bag & Thread Ind. Ltd., Dhaka** Membership No. 403	72.	**Uniglory Button Ltd. (UBL), Dhaka** ** Membership No. 1194
73.	**Uniglory Packaging Ind. Ltd. (UPIL), Tangail** Membership No. 1232	74.	**Uniglory Paper & Packaging Ltd (UPPL), Tangail** Membership No. 1026
75.	**Union Label & Accessories Ltd., Gazipur** Membership No. 188	76.	**United Quality Accessories Ltd., Dhaka** Membership No. 1722
77.	**Victoria Fashion Acc. Industry, Gazipur** Membership No. 1159	78.	**Youngshine Packtrims Ltd., Gazipur** Membership No. 1275
79.	**Yunusco T&A (BD) Ltd., Dhaka** ** (Former Shore to Shore BD Ltd) Membership No. 503	80.	**ZDD Industries Ltd., Dhaka** Membership No. 666

BGAPMEA DHAKA Regd. No C.T.O/2050/02